প্রথম আলো

তারিখ 02 FEB 2016
পৃ ২০ কলাম ৬

# দেওয়া হলো বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার

নিজস্ব প্রতিবেদক ●

আগেই ঘোষণা দেওয়া হয়েছিল বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৫-এর। গতকাল গ্রন্থমেলার উদ্বোধনী অনুষ্ঠানে এই পুরস্কার তুলে দেওয়া হয়।

এবার বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০১৫ প্রাপ্তরা হলেন কবিতায় আলতাফ হোসেন, কথাসাহিত্যে শাহীন আখতার, প্রবন্ধে আবুল মোমেন ও আতিউর রহমান, গবেষণায় মনিরুজ্জামান, মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্যে তাজুল মোহাম্মদ, অনুবাদে আবদুস সেলিম, নাটকে মাসুম রেজা, স্মৃতিকথায় ফারুক চৌধুরী, বিজ্ঞানপ্রযুক্তি ও পরিবেশে শরীফ খান এবং শিশুসাহিত্যে সুজন বড়ুয়া।

গতকাল বাংলা একাডেমি প্রাঙ্গণে অমর একুশে গ্রন্থমেলার উদ্বোধনী অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্ত লেখকদের হাতে এক লাখ টাকার চেক, ক্রেস্ট ও সম্মাননাপত্র তুলে দেন প্রধানমন্ত্রী।